Sol. The best word to replace the italicized word in both sentences is (c) fit.

S24.Ans.(c)

Sol. Chide means: criticize or blame somebody because of something wrong that they have said or done.
Praise means: to say that somebody/something is good and should be admired.

So correct answer is (c) Praise.

S25.Ans.(b)

Sol. Adjunct means : a thing that is added or joined to something larger or more important.

So correct answer is (b) Additional.

S26.Ans.(d)

Sol. মানুষের ক্ষুদ্রতম ও বৃহত্তম অন্তঃক্ষরা গ্রন্থি দুয়ের জোড়টি হল পিনিয়াল বডি-থাইরয়েড।

পিনিয়াল বডি হল বেশিরভাগ মেরুদণ্ডী প্রাণীর মস্তিষ্কের একটি ক্ষুদ্র অন্তঃস্রাবী গ্রন্থি। এর থেকে নিঃসৃত হরমোন হল মেলাটোনিন।

থাইরয়েড গ্রন্থি হল দুইটি লোব দ্বারা গঠিত একটি অন্তঃক্ষরা গ্রন্থি। এটি গ্রীবাতে অবস্থিত। থাইরয়েড গ্রন্থি থেকে থাইরয়েড হরমোন নিঃসৃত হয়।

S27.Ans.(c)

Sol. ভারতের প্রথম প্রকাশিত সংবাদপত্রের নাম হল বেঙ্গল গেজেট বা হিকি'জ গেজেট বা হিকি'জ বেঙ্গল গেজেট। এটি কলকাতা থেকে প্রকাশিত একটি সাপ্তাহিক ইংরেজি পত্রিকা ছিল। 1780 সালের 29শে জানুয়ারি এই পত্রিকাটি তার যাত্রা শুরু করেছিল।

S28.Ans.(c)

Sol. $T_1 = 227^\circ \text{C} = 227 + 273 = 500 \text{ K}$

$T_2 = 27^\circ \text{C} = 27 + 273 = 300 \text{ K}$

কার্নোট যন্ত্রের কর্মদক্ষতা = $\left(1 - \frac{T_2}{T_1}\right) \times 100$

= $\left(1 - \frac{300}{500}\right) \times 100$

= $\frac{200}{500} \times 100$

= 40%

S29.Ans.(d)

Sol. ভারতীয় যুক্তরাষ্ট্রের বৈশিষ্ট্যগুলি হল:

I. ভারতের একটি স্বাধীন আদালত আছে।

II. কেন্দ্র ও রাজ্যগুলির মধ্যে ক্ষমতা স্পষ্টভাবে বন্টন করা হয়েছে।

III. রাজ্যসভায় যুক্তরাষ্ট্রীয় এককগুলির প্রতিনিধিত্ব অসম।

সুতরাং সঠিক উত্তর হল (d) ভারতীয় যুক্তরাষ্ট্র যুক্তরাষ্ট্রীয় এককগুলির মধ্যে মতৈক্যের ফল।

S30.Ans.(b)

Sol. এশিয়া মহাদেশের ভারতের নয়াদিল্লিতে 2023 সালের আই. বি. এ. বিশ্ব মহিলা বক্সিং প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। 15ই মার্চ থেকে 26শে মার্চ পর্যন্ত এই প্রতিযোগিতাটি চলবে। 2006 সালের পর, 2023 সালে ভারত প্রথমবার পদক তালিকার শীর্ষে ছিল।

S31.Ans.(d)

Sol. 10 শতকের প্রথম দিকে সূচিত একটি উল্লেখযোগ্য আন্দোলনের নাম হল ফরাজি আন্দোলন। বাংলাদেশ ফরাজি আন্দোলনের সূত্রপাত ঘটিয়েছিলেন বিখ্যাত সমাজ সংস্কারক হাজী শরীয়তুল্লাহ। তিনি বাংলাদেশের ফরিদপুর এবং তার পাশ্চাতী অঞ্চলে এই আন্দোলনের নেতৃত্ব দিয়েছিলেন। তাঁর মৃত্যুর পর তাঁর পুত্র দুদু মিঞা এই আন্দোলনের নেতৃত্ব প্রদান করেছিলেন।

S32.Ans.(d)

Sol. 1889-এ যার সভাপতিত্বে ভারতীয় জাতীয় কংগ্রেসের ব্রিটিশ কমিটি শুরু হয়েছিল তিনি হলেন ডাব্লিউ. ওয়েডারবার্ন। এই সময়ে সেক্রেটারি ছিলেন উইলিয়াম ডিগবি।

S33.Ans.(b)

Sol. সাম্প্রতিককালে লোকসভায় প্রস্তাবিত 'জন বিশ্বাস বিল'-এর প্রধান উদ্দেশ্য ছিল ব্যবসা-বাণিজ্যের সুবিধার মাধ্যমে তাকে সহজ করে তোলা এবং তার সাথে জীবনযাত্রার মানকেও সহজ করে তোলা।

S34.Ans.(d)

Sol. ক্লাসে A -এর rank হল 10

শেষ থেকে B এর rank হল 38

B-এর রেজাল্ট A এর থেকে ভালো এবং তাদের দুজনের মাঝখানে 2 জন শিক্ষার্থী আছে।

তাহলে বোঝা যাচ্ছে যে ক্লাসে B-এর আগে আরোও 6 জন শিক্ষার্থী রয়েছে।

ক্লাসে মোট শিক্ষার্থী রয়েছে = $38 + 6 = 44$ জন

S35.Ans.(c)

Sol. ভারতের কফি গবেষণাগারটি কর্ণাটকের চিকমাগালুর-এ অবস্থিত। কফি হল বিশ্বব্যাপী খুবই জনপ্রিয় এক উত্তেজকমূলক পানীয়। ব্রাজিল দেশটি কফি উৎপাদনে বিশ্বে প্রথম স্থান অধিকার করেছে।

S36.Ans.(a)

Sol. 1924 সালে নিম্ন জাতের হিন্দুদের জন্য মন্দিরের দরজা খুলে দেওয়ার উদ্দেশ্যে ভাইকোম সত্যগ্রহ সংগঠিত হয়েছিল। এটি 1924 সালের 30শে মার্চ থেকে 1925 সালের 23শে নভেম্বর পর্যন্ত চলেছিল। এই সত্যগ্রহের নেতৃত্ব দিয়েছিলেন কংগ্রেস নেতা টি. কে. মাধবন, কে. কেলাপ্পান, এবং কে. পি. কেশব মেনন।

S37.Ans.(d)

Sol. 1818 খ্রিস্টাব্দে কলকাতার ঘুঘুড়িতে ভারতে প্রথম সুতোকল স্থাপিত হয়। প্রয়োজনীয় কাঁচামালের অভাবের কারণে সুতোকল কারখানাটি বন্ধ হয়ে যেতে বাধ্য হয়।

S38.Ans.(c)

Sol. আবুল কালাম আজাদ পরপর ছয় বছর ভারতীয় জাতীয় কংগ্রেসের সভাপতিত্ব করেছিলেন। তিনি 1940 সাল থেকে 1946 সাল পর্যন্ত পরপর ছয় বছর জাতীয় কংগ্রেসের সভাপতি পদে বহাল ছিলেন।

S39.Ans.(b)

Sol. নিউট্রন সংখ্যা = 14

মৌলটির ভরসংখ্যা = প্রোটন সংখ্যা + নিউট্রন সংখ্যা = 27

প্রোটন সংখ্যা = $27 - 14 = 13$

এই মৌলের আয়ন ধনাত্মক ত্রিযোজী হওয়ায়, এর ইলেক্ট্রন সংখ্যা = $13 - 3 = 10$

S40.Ans.(c)

Sol. 'ষোড়শ মহাজনপদ'-এর মধ্যে শেষ পর্যন্ত শক্তিশালী মগধ মহাজনপদের নেতৃত্বে ভারতে প্রথম সাম্রাজ্য গড়ে উঠতে দেখা যায়। এই মহাজন পদটি বর্তমানে বিহারের পাটনা, গয়া এবং বাংলার কিছু অংশ নিয়ে পূর্বে গঠিত ছিল। এই মহাজনপদের রাজধানী ছিল রাজগৃহ এবং এখানকার উল্লেখযোগ্য রাজা ছিলেন বিম্বিসারা।

S41.Ans.(c)

Sol. মাত্র 35 বৎসর বয়সে যে জাতীয় কংগ্রেসের কনিষ্ঠতম সভাপতি হয়েছিলেন, তিনি হলেন আবুল কালাম আজাদ। তিনিই ছিলেন একমাত্র জাতীয় কংগ্রেসের সভাপতির পদে অধিষ্ঠিত সর্বকনিষ্ঠ এক অন্যতম ব্যক্তি।

S42.Ans.(b)

Sol. 1886 সালে কলকাতায় অনুষ্ঠিত ভারতের জাতীয় কংগ্রেসের দ্বিতীয় অধিবেশনের ঐতিহাসিক গুরুত্ব ছিল এই যে- এই অধিবেশনের সভাপতিত্ব করেছিলেন দাদাভাই নৌরজি।

S43.Ans.(b)

Sol. 1985 সালে ভারতীয় সংবিধানের 52-তম সংশোধনীটি দলত্যাগ বিরোধী আইনের সঙ্গে সম্পর্ক যুক্ত। এই দলত্যাগ বিরোধী আইনটি 1985 সালে সংসদ দ্বারা পাস হয় এবং 2002 সালে এটি কার্যকরী হয়।

S44.Ans.(c)

Sol. মুঘল সম্রাট ঔরঙ্গজেব প্রথম আলমগির উপাধিটি নিয়ে ছিলেন। তিনি ছিলেন মুঘল সাম্রাজ্যের ষষ্ঠতম শাসক। প্রকৃতপক্ষে তিনি প্রায় সম্পূর্ণ ভারতীয় উপমহাদেশে তাঁর শাসনকার্য বিস্তার করেছিলেন। ইঙ্গ-মুঘল যুদ্ধে তিনি ইংরেজদের পরাজিত করেছিলেন।

S45.Ans.(a)

Sol. বাংলা এবং ওড়িশায় গদর দলের নেতা ছিলেন যতীন্দ্রনাথ মুখার্জি। তিনি ছিলেন একজন বাঙালি ব্রিটিশ-বিরোধী বিপ্লবী নেতা। তিনি সকলের কাছে বাঘা যতীন নামেই অভিহিত। বাংলার যুগান্তর দলের প্রধান নেতা ছিলেন বাঘাযতীন তথা যতীন্দ্রনাথ মুখোপাধ্যায় স্বয়ং। ব্রিটিশ বিরোধী আন্দোলনে তিনি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন।

S46.Ans.(a)

Sol. 1938-এ জাতীয় পরিকল্পনা কমিটির প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিলেন নেতাজি সুভাষচন্দ্র বোস। তিনি শিল্পায়নের উপর ভিত্তি করে অর্থনৈতিক বিকাশের পন্থা গ্রহণ করেন।

S47.Ans.(c)

Sol. দিল্লি সুলতানি সাম্রাজ্যের শেষ সুলতান ছিলেন ইব্রাহিম লোদি। তাঁর পিতা সিকান্দার লোদির মৃত্যুর পর, তিনি সুলতান হন। বাবরের সাথে সংঘটিত প্রথম পানিপথের যুদ্ধে তিনি পরাজিত এবং নিহত হলে, লোদি রাজবংশের অবসান ঘটে।

S48.Ans.(c)

Sol. 'BIMSTEC' -এর প্রধান কার্যালয়টি বাংলাদেশের ঢাকা শহরে অবস্থিত।

S49.Ans.(a)

Sol. ভারতীয় জাতীয় কংগ্রেস প্রতিষ্ঠার প্রাক্ লগ্নে ইলবাট বিল বিতর্কের ঘটনাটি বৃহত্তম জাতপাত সংক্রান্ত বিভেদের সৃষ্টি করেছিল। 1883 সালে ভাইসরয় লর্ড রিপনের আমলে প্রবর্তিত হয়েছিল। আইনটির খসড়া প্রকাশ রচনা বিট্রিশ কর্মচারী কোট্টেন ইলবাট। তাঁরই নামানুসারে এই বিলের নামকরণ করা হয়।

S50.Ans.(d)

Sol. Rectify এর সম্পর্কিত হল Mistake। Regain এর সাথে সম্পর্কিত হল Loss।

S51.Ans.(c)

Sol. একটি মাসের সপ্তম দিন শুক্রবার থেকে 3 দিন আগে হলে, অর্থাৎ দিনটি হল মঙ্গলবার।

19 কে 7 দিয়ে ভাগ করলে ভাগশেষ হয় 5।

সুতরাং 19তম দিনটি হল = মঙ্গলবার + 5 = রবিবার

S52.Ans.(a)

Sol. গণপরিষদের সদস্যরা প্রাদেশিক আইনসভাগুলি কর্তৃক নির্বাচিত হন। গণপরিষদের মোট সদস্য সংখ্যা ছিল 389, যার মধ্যে 292 জন ছিলেন প্রদেশের প্রতিনিধি, 93 জন ছিলেন রাজ্যের প্রতিনিধি এবং চারজন ছিলেন দিল্লি, আজমির, কুর্গ এবং বেলুচিস্তানের প্রদেশের প্রধান কমিশনার।

S53.Ans.(c)

Sol. একটি ত্রিভুজের বাহুগুলির অনুপাত = $\frac{1}{20} : \frac{1}{15} : \frac{1}{12} = \frac{1}{20} \times 60 : \frac{1}{15} \times 60 : \frac{1}{12} \times 60 = 3 : 4 : 5$

পরিসীমা = 30 cms

বৃহত্তম বাহুটির দৈর্ঘ্য = $30 \times \frac{5}{12} = 12\frac{1}{2}$ cms

S54.Ans.(a)

Sol. কনিষ্কের রাজধানী পুরুষপুরে ছিল। তিনি ছিলেন কুশাণ রাজবংশের একজন শ্রেষ্ঠ সম্রাট। তিনি তাঁর সামরিক, রাজনৈতিক এবং কৃতিত্বের জন্য বিখ্যাত।

S55.Ans.(b)

Sol. ভারতীয় সংবিধানের প্রস্তাবনা ও নির্দেশমূলক নীতি – উভয় অংশে 'রাজনৈতিক ন্যায়' ধারণাটির উল্লেখ আছে।

S56.Ans.(d)

Sol. জিবেবেরেলিন হরমোন বীজের সুপ্তদশা ভঙ্গ করে 1926 সালে জাপানে ই. কুরোসোওয়া এই উদ্ভিদ হরমোনটি আবিষ্কার করেন। এটি প্রধানত কার্বন, হাইড্রোজেন এবং অক্সিজেন নিয়ে গঠিত। এর রাসায়নিক নাম হল জিবেবেরেলিক অ্যাসিড।

S57.Ans.(d)

Sol. গুপ্ত সম্রাট প্রথম কুমারগুপ্তের আমলে নালন্দা বিশ্ববিদ্যালয়টি স্থাপিত হয়। এটি ছিল প্রাচীন ভারতের মগধ রাজ্যে অবস্থিত একটি উল্লেখযোগ্য বিখ্যাত মহাবিদ্যালয়। এটি বিশ্বের সবচেয়ে প্রাচীন বিশ্ববিদ্যালয়।

S58.Ans.(c)

Sol. ভারতবর্ষের প্রতিবেশী রাষ্ট্র নেপাল তাদের দেশে প্রথম নাগরিক সংশোধন বিলটি পাশ করেছে।

S59.Ans.(b)

Sol. হলদিয়া শিল্পাঞ্চলের দুই প্রধান শিল্প হল- খনিজ তেল শোধনাগার ও ব্যাটারি তৈরি করা। এটি ভারতের পূর্ব মেদিনীপুর জেলায় গড়ে ওঠা একটি শিল্পাঞ্চল। এই হলদিয়া শিল্পাঞ্চলটি পশ্চিমবঙ্গের সর্বাধুনিক এক শিল্পাঞ্চল। হলদিয়া বন্দরকে কেন্দ্র করে এই শিল্পাঞ্চলটি গড়ে উঠেছে।

S60.Ans.(a)

Sol. 1526-এ সংঘটিত প্রথম পানিপথের যুদ্ধ বাবর ও ইব্রাহিম লোদির মধ্যে হয়েছে। এই যুদ্ধে সম্রাট বাবর, ইব্রাহিম লোদিকে পরাজিত করে জয়লাভ করে। এই যুদ্ধে জয়লাভের পর মুঘল সাম্রাজ্যের সূচনা ঘটে।

S61.Ans.(c)

Sol. প্রথম বৌদ্ধ সঙ্গীতী রাজগৃহে অনুষ্ঠিত হয়। গৌতম বুদ্ধের মহাপরিনির্বাণের পর এটি অনুষ্ঠিত হয়। এই সম্মেলনের সভাপতি ছিলেন মহাকাশ্যপ।

S62.Ans.(c)

Sol. ভারত বিশ্বে মান ডাক পরিসেবায় প্রথম স্থান অর্জন করেছে। ভারতীয় ডাক বিভাগ হল ভারত সরকার পরিচালিত ডাক প্রণালী ব্যবস্থা, যা ডাকঘর হিসেবে পরিচিত।

S63.Ans.(a)

Sol. মানুষ – জমি অনুপাত বলতে দেশের মোট জনসংখ্যা ও দেশের মোট কার্যকরী জমির অনুপাতকে বোঝায়। মানুষ-জমি অনুপাত মানুষ ও জমির গুণগত পরিমাপকে নির্দেশ করে। এই অনুপাত থেকে মানুষের জীবনযাত্রার মান সম্পর্কেও জানা যায়।

S64.Ans.(a)

Sol. ভারতীয় সংবিধানের অন্তর্ভুক্ত মৌলিক কর্তব্য নয় সেটি হল জাতীয় স্বার্থে গুরুত্বপূর্ণ সৌখণ্ডলিকে রক্ষা করা।

S65.Ans.(a)

Sol. $f(x) = 5^x + \frac{1}{5^x} + 2$

→ $f(-x) = 5^{-x} + \frac{1}{5^{-x}} + 2$

$= \frac{1}{5^x} + 5^x + 2$

$= f(x)$

S66.Ans.(b)

Sol. দাদাভাই নৌরজি ব্রিটেনের হাউস অব কমন্সে যে দলের প্রতিনিধি হিসাবে নির্বাচিত হয়েছিলেন সেটি হল লিবারাল দল।

S67.Ans.(d)

Sol. দক্ষিণ পশ্চিম আমেরিকার একটি দেশ হল পেরু। এই দেশটি অর্দেঁশীর বি. কে দুবাস-কে 'অর্ডার অফ মেরিট ইন দ্য ডিপলোম্যাটিক সার্ভিসেস' উপাধি দ্বারা ভূষিত করেছে।

S68.Ans.(b)

Sol. জলের (H_2O) আণবিক ভর = $2 \times 1 + 16 = 18$ গ্রাম

কার্বন ডাই অক্সাইডের (CO_2) আণবিক ভর = $12 + 16 \times 2 = 44$ গ্রাম

18 গ্রাম অনুর সংখ্যা = 6.022×10^{23}

9 গ্রাম জলে অনুর সংখ্যা = $\frac{6.022 \times 10^{23} \times 9}{18} = \frac{6.022 \times 10^{23}}{2} = n$

44g কার্বনডাই অক্সাইডে অনুর সংখ্যা = $6.022 \times 10^{23} = 2n$

S69.Ans.(b)

Sol. ইন্টারফেজের S দশায় DNA-এর পরিমাণ দ্বিগুণ হয়। এই দশটি মাইটোসিস বা মিয়োসিসের আগে ইন্টারফেজের সময় ঘটে থাকে।

S70.Ans.(b)

Sol. ভারতীয় সংবিধানে মৌলিক অধিকারের উপর 'যুক্তিসংগত বাধানিষেধ' আরোপ করার ক্ষমতা ভারতীয় সংসদ বা পার্লামেন্টকে প্রদান করা হয়েছে। ভারতীয় সংসদ বা পার্লামেন্ট হল ভারতীয় প্রজাতন্ত্রের সর্বোচ্চ যুক্তরাষ্ট্রীয় এক ন্যায়বিভাগ। ভারতীয় পার্লামেন্ট দুটি কক্ষ নিয়ে গঠিত, যথা- উচ্চকক্ষ এবং নিম্নকক্ষ।

S71.Ans.(c)

Sol. স্যার সৈয়দ আহমেদ খান পর্যবেক্ষণ করেছিলেন, যে বাস্তবে কংগ্রেস একটি অপ্রত্যাশিত ছাড়া আর কিছুই নয়। তিনি ছিলেন ভারতের একজন বিখ্যাত শিক্ষাবিদ তথা রাজনীতিবিদ।

S72.Ans.(c)

Sol. মাদ্রাজ বা চেন্নাইতে Ocean Thermal Energy Conversion (OTEC) প্রক্রিয়ায় ভারতে বিদ্যুৎ উৎপাদন হয়। এই মহাসাগর তাপীয় শক্তির রূপান্তর হল - একটি নবীকরণযোগ্য শক্তি প্রযুক্তি। এই শক্তির উৎস প্রচুর পরিমাণে বিনামূল্যে পাওয়া যায়, কারণ এটি সূর্যের আলো এবং সমুদ্র স্রোতের উপর নির্ভর করে।

S73.Ans.(b)

Sol. 2023-24 সালে কেন্দ্র ঋণের সুদের খাতে ভর্তুকির সবচেয়ে বড় অংশ বরাদ্দ করেছে।

S74.Ans.(d)

Sol. উত্তর ভারতের একটি স্থলবেষ্টিত রাজ্য হল উত্তরপ্রদেশ। এই রাজ্যটি ভারতে হেক্টর প্রতি ডাল উৎপাদনে সর্বোচ্চ স্থান অধিকার করেছে। এই রাজ্যের রাজধানী ও বৃহত্তম শহর হল লক্ষ্ণৌ।

S75.Ans.(c)

Sol. ভারতে কর্মসংস্থান এবং অর্থনীতিতে প্রধান উল্লেখযোগ্য একটি শিল্প হল খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প। ভারতে খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পে অন্ধপ্রদেশ রাজ্যটি সব থেকে উন্নত।

S76.Ans.(c)

Sol. অস্ট্রেলিয়া দেশটির সাথে ভারত সাম্প্রতিককালে 'ইকোনোমিক কোঅপারেশন অ্যান্ড ট্রেড এগ্রিমেন্ট' (অর্থনৈতিক সহযোগিতা এবং বাণিজ্যিক চুক্তি) স্বাক্ষর করেছে।

S77.Ans.(b)

Sol. সর্বপ্রথম 1985 সালে ডক্টর জি. রোজেন 'বায়োডাইভার্সিটি' শব্দটি প্রবর্তন করেন। এরপরে 1988 সালে ই. ও. উইলসন এই শব্দটি ব্যবহার করেন।

S78.Ans.(c)

Sol. নেহরু কমিটির রিপোর্ট জাতীয় কংগ্রেসের লাহোর অধিবেশনে একটি উপযুক্ত সমাধি লাভ করেছিল।

S79.Ans.(a)

Sol. কলকাতার ঘুঘুড়ী-তে ভারতের প্রথম সুতোকল স্থাপিত হয়। 1818 সালে এটি প্রথম প্রতিষ্ঠিত হয়। কিন্তু প্রয়োজনীয় কাঁচামালের অভাবের দরুণ এই কারখানাটি খুব দ্রুত বন্ধ হয়ে যেতে বাধ্য হয়।

S80.Ans.(b)

Sol. প্রতিরক্ষা খাতে ব্যয়টিকে সরকারী ব্যয় রূপে গণ্য করা হয় না।

S81.Ans.(c)

Sol. কালিদাসের রচিত একটি উল্লেখযোগ্য রচনা হল 'কুমারসম্ভবম্'। তিনি ছিলেন একজন বিশিষ্ট সংস্কৃত কবি এবং নাট্যকার। কুমারসম্ভবম্ হল সতেরোটি সর্গে রচিত এক মহাকাব্য।

S82.Ans.(a)

Sol. সুলতান আলাউদ্দিন খলজি ছিলেন একজন শক্তিশালী ও যোগ্য রাজা। তিনি একটি শক্তিশালী কেন্দ্রীয় সরকার প্রতিষ্ঠা করেন। তিনি সর্বপ্রথম দাক্ষিণাত্য বিজয় নীতির সূচনা করেন।

S83.Ans.(d)

Sol.

	A	B	C	D	E
প্রাথমিকদিকে	10	10	10	10	10
A, E কে দেওয়ার পর	7	10	10	10	13
E, C কে দেওয়ার পর	7	10	15	10	8
C, B কে দেওয়ার পর	7	14	11	10	8
B, D কে দেওয়ার পর	7	12	11	12	8


D -র কাছে 12টি কার্ড আছে।

S84.Ans.(b)

Sol. 1582 খ্রিষ্টাব্দে 'দিন-ই-ইলাহি' আকবর প্রবর্তন করেন। এর শিষ্যরা হলেন বীরবল, যুবরাজ সেলিম, আবুল ফজল ইবন মুবারক, যুবরাজ মুরাদ এবং কাশিম খান। আকবরের আত্মজীবনীর নাম হল আকবরনামা।

S85.Ans.(b)

Sol. লেড নাইট্রেটের জলীয় দ্রবণে পটাশিয়াম আয়োডাইড দ্রবণ যোগ করলে লেড আয়োডাইডের হলুদ অধঃক্ষেপ পড়বে এবং পটাশিয়াম নাইট্রেট তৈরি হবে। এটি একটি দ্বৈত স্থানচ্যুতি বিক্রিয়া।

**S86.Ans.(a)**

Sol. ইউনাইটেড নেশনস ডেভেলপমেন্ট প্রোগ্রাম (ইউএনডিপি) প্রতিষ্ঠানের সাহায্যে নীতি আয়োগ ভারত “নর্থ ইস্ট রিজিয়ান ডিসট্রিক্ট এসডিজি ইন্ডেক্স” প্রকাশ করেছে।

S87.Ans.(b)

Sol. নিউজিল্যান্ডের পিট আইল্যান্ডে সাম্প্রতিককালে বহু তিমি মাছের মৃত্যু ঘটে। সাম্প্রতিক কালে পিট দ্বীপে আটকে পড়া 240টি পাইলট তিমি মারা গেছে। তিমি মাছের ক্রমাগত মৃত্যু নিয়ে উদ্বেগ এর সৃষ্টি হয়েছে।

S88.Ans.(a)

Sol. আমন ধান হল ধানের একটি বহুল পরিচিত প্রজাতি। ভারতবর্ষে আমন ধানের চাষ যে সময়ে করা হয় সেটি হল -বর্ষার শুরুতে এই ধানের বীজ লাগানো হয় এবং শীতের সময়ে এই ধান কাটা হয়ে থাকে।

S89.Ans.(c)

Sol. ক্ষণিকের জন্য অল্প পরিসরে যে বিপুল পরিমাণ বৃষ্টিপাত হতে দেখা যায় তাকে মেঘ ভাঙা বৃষ্টি বলে। পাহাড়ি এলাকায় এই ধরনের বৃষ্টিপাত অধিক পরিমাণে হতে দেখা যায়, যা অনেক সময় বিপর্যয়ের সৃষ্টি করে। এই মেঘ ভাঙা বৃষ্টির কারণেই লাডাক মালভূমি অঞ্চলে মানুষের মৃত্যু বেশি হয়।

S90.Ans.(d)

Sol.

P → 7 M → 5

A → 2 E → 3

R → 1 R → 1

D → 8 C → 6

O → 9 Y → 4

N → 0

DEMOCRACY → 835961264

S91.Ans.(c)

Sol. সামাজিক-অর্থনৈতিক পরিকল্পনাটি নিম্নলিখিত যুগ্ম তালিকার অন্তর্ভুক্ত।

S92.Ans.(b)

Sol. ধরি 200 টাকার নোটের পরিমাণ = x টি

100 টাকার নোটের পরিমাণ = (48 - x) টি

প্রশ্নানুসারে,

$$200x + 100(48 - x) = 6000$$

$$\rightarrow 200x + 4800 - 100x = 6000$$

$$\rightarrow 100x = 1200$$

$$\rightarrow x = 12$$

সুতরাং 200 টাকার নোটের পরিমাণ = 12 টি

S93.Ans.(b)

Sol. প্রত্যক্ষ ও পরোক্ষ করার মাধ্যমে প্রাপ্ত কেন্দ্রীয় সরকারের সমস্ত রাজস্ব, ধার করা অর্থ ও প্রদত্ত ঋণ থেকে প্রাপ্তি ভারতের একত্রিত তহবিলে জমা করা হয়।

S94.Ans.(c)

Sol. $s\bar{t}rs/\underline{s}trs/s\bar{t}rs/s\bar{t}rs$

S95.Ans.(c)

Sol. ভারতের স্বাধীনতা আন্দোলনের প্রথম সারির একজন নেতা ছিলেন বাল গঙ্গাধর তিলক। হোমরুল আন্দোলনের সময়ে বাল তাঁকে 'লোকমান্য' উপাধিটি প্রদান করা হয়েছিল। তিনিই ছিলেন হোমরুল আন্দোলনের জনক বা পিতা।

S96.Ans.(c)

Sol. $V_1 = 998$ কি.গ্রা./ঘ.মি.

$V_2 = 992$ কি.গ্রা./ঘ.মি.

$t_2 = 40^\circ\text{C}$

$t_1 = 20^\circ\text{C}$

$$\text{জলের ঘনক্ষেত্র সম্প্রসারণে গুণাঙ্ক } (\gamma) = \left| \frac{V_1 - V_2}{V_1} \right| \times \frac{1}{(t_2 - t_1)} = \left| \frac{998 - 992}{992} \right| \times \frac{1}{40 - 20} = \left| \frac{6}{992} \right| \times \frac{1}{20} = \frac{6}{992} \times \frac{1}{20} = 3.00 \times 10^{-4} \text{ } ^\circ\text{C}^{-1}$$

S97.Ans.(b)

Sol. পূর্ব হিমালয় ভারতে কমলালেবুর ফল চাষের জন্য প্রসিদ্ধ। কমলালেবু হল ছোট্ট সাইট্রাস জাতীয় গাছের রসালো একটি ফল।

S98.Ans.(b)**Sol.**

A	B	C	D	E
লম্বা	বেঁটে	বেঁটে	লম্বা	লম্বা
ফর্সা	কালো	ফর্সা	কালো	কালো
রোগা	রোগা	মোটা	রোগা	মোটা

প্রথম সারিতে বেঁটে, ফর্সা, মোটা বালিকা বসেছে। সে হল C।

S99.Ans.(b)

Sol. ভারতের একত্রিত তহবিল থেকে ব্যয় করতে সংসদীয় অনুমোদনের প্রয়োজন হয়। এটি হল একটি প্রধান ভান্ডার, যেখানে কর এবং অন্যান্য প্রাপ্তি সহ সমস্ত সরকারী রাজস্বকে জমা করা হয়ে থাকে।

S100.Ans.(c)

Sol. 'আমুক্তমাল্যদা' রচনাটির রচয়িতা হলেন বিজয়নগর সাম্রাজ্যের শাসক কৃষ্ণদেব রায়। এটি একটি তেলুগু মহাকাব্য। 16 শতকের গোড়ার দিকে তিনি এটি রচনা করেছিলেন। এই রাজার শাসনকাল তেলুগু সাহিত্যের স্বর্ণযুগ হিসেবে পরিচিত।

S101.Ans.(b)

Sol. অ্যাড্রিনালিনের মধ্যে গ্লুকোকোর্টিকয়েডস, মিনারেলোকোর্টিকয়েডস এবং সুপ্রারেনাল গ্ল্যান্ড অন্তর্গত।

অ্যাড্রিনাল গ্রন্থি হলো একটি অন্তঃক্ষরা গ্রন্থি যা অ্যাড্রেনালিন, অ্যালডোস্টেরন ও কটিসলসহ নানাবিধ হরমোন তৈরি করে থাকে। তাই এটিকে সুপ্রারেনাল গ্ল্যান্ড বলা হয়। অ্যাড্রিনাল গ্রন্থি থেকে মিনারেলোকোর্টিকয়েডস এবং গ্লুকোকোর্টিকয়েডস নিঃসৃত হয়।

S102.Ans.(a)

Sol. পরিবেশ বজায় রাখা প্রকল্পগুলিতে যে আর্থিক উপকরণ দ্বারা বিনিয়োগ হয় তাদের সবুজ বন্ড বলা হয়। এছাড়াও এটি ক্লাইমেট বন্ড নামেও পরিচিত।

S103.Ans.(c)


Sol. রাশিয়ার প্রকল্প হল টারমিনেটর ট্যাক্স সাপোর্ট সিস্টেম - দ্য বিএমপিটি। এটি একটি সঁজোয়া যুদ্ধ যানবাহন। রাশিয়ান কোম্পানী উরালভাগনজাভোড দ্বারা এটি ডিজাইন ও তৈরি করা হয়েছে।

S104.Ans.(b)

Sol. 1864 সালে বিজ্ঞানী নিউল্যান্ড বিভিন্ন মৌলগুলির ক্রমবর্ধমান পারমাণবিক ভর অনুসারে সাজিয়ে দেখেন যে, কোন নির্দিষ্ট মৌলের সঙ্গে তার পরের অষ্টম মৌলের ধর্মের পুনরাবৃত্তি হয়। এটি হল অষ্টক সূত্র। এই সূত্রানুসারে বেরিলিয়ামের সমধর্মী মৌলটি হল ম্যাগনেসিয়াম।

S105.Ans.(b)

Sol. 1925 সালে মহাত্মা গান্ধী কংগ্রেসের বেলগাঁও -এর বার্ষিক সম্মেলনে সভাপতিত্ব করেছিলেন। এটি একমাত্র অধিবেশন যেখানে মহাত্মা গান্ধী সভাপতিত্ব করেছিলেন।

S106.Ans.(d)**Sol.**

S107.Ans.(d)

Sol. গ্লুকোজ, ইউরিয়া এবং অ্যাসিটোন জলে দ্রবীভূত হয়ে থাকে। অ্যাসিটোন বা প্রোপানন একটি জৈব যৌগ। এটি ক্ষুদ্রতম ও সরলতম কিটোন। ইউরিয়া কঠিন, বর্ণহীন এবং গন্ধহীন হয়ে থাকে।

S108.Ans.(b)

Sol. জানুয়ারি মাসের 26 তারিখে 'আন্তর্জাতিক কাস্টমস্ দিবস 2023' পালিত হয়েছে। 'আন্তর্জাতিক কাস্টমস্ দিবস 2023' এর থিম ছিল 'Nurturing the next generation: Promoting a culture of knowledge- sharing and professional pride in Customs'।

S109.Ans.(b)

Sol. 1907 -এ কংগ্রেসে প্রথমবার ভাঙনের পর, 1918-তে দ্বিতীয়বারের জন্য ভাঙন ধরে যে ঘটনাকে কেন্দ্র করে তা হল মন্টেগু বিবৃতি।

S110.Ans.(d)

Sol. ভারতে মিথেন গ্যাসের একটি প্রধান উৎস হল ধান চাষের জমি। জলাবদ্ধ পরিবেশে ধান চাষ করা হয়ে থাকে। এখানে ব্যাকটেরিয়া বায়বীয়ভাবে শ্বাস-প্রশ্বাস নিয়ে থাকে। এরফলে মিথেন –এর সৃষ্টি হয়ে থাকে।

মিথেন একটি চতুস্তলকীয় অণু যাতে চারটি সমতুল্য কার্বন-হাইড্রোজেন বন্ধন আছে। স্বাভাবিক তাপমাত্রা ও চাপে মিথেন একটি বর্ণহীন ও গন্ধহীন গ্যাস।

S111.Ans.(b)

Sol. আসামের জোড়হাটে ভারতের চা গবেষণা কেন্দ্র গড়ে তোলা হয়েছে। এটি অসমের রাজধানী গুয়াহাটি থেকে 318 কি.মি. পূর্বে অবস্থিত। 1915 সালে জোড়হাটে সাহিত্য সভা স্থাপিত হয়েছিল।

S112.Ans.(a)

Sol. 1812 সালে পশ্চিমবঙ্গের শ্রীরামপুরে ভারতের প্রথম কাগজের কল স্থাপিত হয়েছিল। শ্রীরামপুরের মাহেশ্বর রথযাত্রা বাংলার প্রাচীনতম এবং ভারতের দ্বিতীয় প্রাচীন রথযাত্রা।

S113.Ans.(d)

Sol. সপ্তম দ্বিতীয় চন্দ্রগুপ্ত উজ্জয়িনীতে তাঁর দ্বিতীয় রাজধানী স্থাপন করেন। তিনি চন্দ্রগুপ্ত বিক্রমাদিত্য নামেও পরিচিত ছিলেন। তার শাসনকালে গুপ্ত সাম্রাজ্য সর্বাধিক বিস্তৃত হয়েছিল। তিনি ভারতে গুপ্ত সাম্রাজ্যের তৃতীয় শাসক ছিলেন।

S114.Ans.(d)

Sol. দুগ্ধজাত দ্রব্য উৎপাদন ভারতে তুলনামূলকভাবে কম তার কারণ হল -

1. কাঁচা দুগ্ধের চাহিদা বেশি।
2. বেশি লোকের দুগ্ধজাত দ্রব্য ক্রয় করার ক্ষমতা কম।
3. অধিকাংশ গরু শীর্ষকায়।

S115.Ans.(b)

Sol. ভবিষ্য তহবিল আমানত সরকারি বাজেটে মূলধন প্রাপ্তি বলে গণ্য করা হয় না।

S116.Ans.(d)

Sol. ভারতীয় সংবিধানের অনুচ্ছেদ 24 প্রত্যক্ষভাবে শিশুদের শোষণের সঙ্গে সম্পর্কিত। এটিতে বলা হয়েছে যে 14 বছরের কম বয়সী কোনও শিশুকে কোনও কারখানা, খনি বা কোনও বিপজ্জনক পেশায় নিযুক্ত করা যাবে না।

S117.Ans.(d)

Sol. সুলতানি আমলে আমির খসরু 'হিন্দুস্থানের তোতাপাখি' নামে পরিচিত ছিলেন। তিনি একজন সুফি কবি ছিলেন। তিনি ছিলেন নিজামুদ্দিন আউলিয়ার আধ্যাত্মিক শিষ্য। আবার তাকে "কাওয়ালির জনক" বলে গণ্য করা হয়।

S118.Ans.(c)**Sol.**

A	B	C	D
ফুটবল	ফুটবল	ফুটবল	
ভলিবল	ভলিবল		ভলিবল
	ক্রিকেট	ক্রিকেট	ক্রিকেট
ব্যাডমিন্টন		ব্যাডমিন্টন	ব্যাডমিন্টন

D ব্যাডমিন্টন, ক্রিকেট ও ভলিবল খেলে।

S119.Ans.(a)**Sol.** ভারতবর্ষের কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী -এর সাথে 'NEAT 3.0' মঞ্চটি জড়িত। কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান এটি চালু করেছিলেন।**S120.Ans.(b)****Sol.** অটোজোম ঘটিত রোগ হল থ্যালাসেমিয়া। থ্যালাসেমিয়া ধারণকারী মানুষ সাধারণত রক্তে অক্সিজেনস্বল্পতা বা "অ্যানিমিয়া"তে ভুগে থাকেন। থ্যালাসেমিয়া প্রধানত দুই ধরনের হতে পারে। যথা আলফা থ্যালাসেমিয়া এবং বিটা থ্যালাসেমিয়া। হিমোফিলিয়া এবং বর্ণান্ধতা হল জিনগত রোগ।**S121.Ans.(b)****Sol.** ভারতের প্রধান তন্তু ফসল হল কার্পাস। এটি দেশের শিল্প ও কৃষি অর্থনীতিতে একটি প্রভাবশালী ভূমিকা পালন করে থাকে।**S122.Ans.(c)****Sol.** বঙ্গভঙ্গের পর যে দুটি নতুন প্রদেশের অস্তিত্ব তৈরি হয় তা হল পূর্ব বাংলা এবং আসাম। 1905 সালের 16ই অক্টোবরে ভারতের বড়লাট লর্ড কার্জনের এক ঘোষণার মাধ্যমে 'বঙ্গভঙ্গ' হয়েছিল। পূর্ব বাংলার মধ্যে ছিল ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, আসাম, জলপাইগুড়ি, পার্বত্য ত্রিপুরা এবং মালদহ।**S123.Ans.(c)****Sol.** নবগোপাল মিত্র একটি জাতীয় সমাজ, একটি জাতীয় সংবাদপত্র, একটি জাতীয় বিদ্যালয় এবং জাতীয় ব্যায়ামাগার প্রতিষ্ঠা করেছিলেন এবং 'জাতীয়' শব্দটিকে উনবিংশ শতকের দ্বিতীয়ার্ধে জনপ্রিয় করে তুলেছিলেন।**S124.Ans.(b)****Sol.** ভারতবর্ষের রিজার্ভ ব্যাঙ্ক 2022 সালে একটি নতুন বিভাগের সৃষ্টি করেছে, সেটি হল ডিপার্টমেন্ট অফ ফিন-টেক।**S125.Ans.(d)****Sol.** 1935-এর ভারত শাসন আইন দ্বারা ভারতে সর্বপ্রথম পাবলিক সার্ভিস কমিশন প্রতিষ্ঠা হয়েছিল। ভারতের সংবিধান এটিকে স্বায়ত্তশাসিত সংস্থা হিসাবে একটি সাংবিধানিক মর্যাদা দিয়েছে।**S126.Ans.(a)****Sol.** স্প্রিং তুলায়ন্ত্র থেকে ঝোলানো একটি তারের খাঁচায় একটি পাখি বসেছিল। তখন এর ওজন W_1 । আবার যখন পাখিটি খাঁচার ভেতরে উড়ছে সেই অবস্থায় এর ওজন W_2 । অর্থাৎ W_2 ওজনে পাখির ওজন অন্তর্ভুক্ত নেই।সুতরাং $W_1 > W_2$ সত্য।**S127.Ans.(b)****Sol.** চন্দ্রগুপ্ত মৌর্য ভারতবর্ষের প্রথম ঐতিহাসিক সম্রাট ছিলেন। তিনি মৌর্য বংশের প্রথম সম্রাট।**S128.Ans.(b)****Sol.** 630 খ্রিস্টাব্দে চালুক্য রাজা দ্বিতীয় পুলকেশী নর্মদা নদীর তীরে হর্ষবর্ধনকে পরাজিত করেন। এরফলে তিনি দক্ষিণাপথেশ্বর উপাধি অর্জন করেছিলেন।**S129.Ans.(b)****Sol.** এশিয়ান প্যাসিফিক পোস্টাল ইউনিয়নের মুখ্য কার্যালয় থাইল্যান্ডের ব্যাংককে অবস্থিত।

S130.Ans.(b)

Sol. চীন 'Artificial Moon' (কৃত্রিম চাঁদ)-এর প্রকল্প গড়ে তুলেছে কৃত্রিম চাঁদটি প্রাকৃতিক চাঁদের চেয়ে 8 গুণ বেশি উজ্জ্বল প্রদান করবে।

S131.Ans.(a)

Sol. গো-পালনে ভারত পৃথিবীতে প্রথম স্থানে রয়েছে।

S132.Ans.(b)

Sol. 18-07-2002 + 7 দিন = 25-07-2002

25-07-2002 + 8 দিন = 02-08-2002

02-08-2002 + 9 দিন = 11-08-2002

11-08-2002 + 10 দিন = **21-08-2002**

S133.Ans.(a)

Sol. ${}^n P_r = n (n - 1) (n - 2) \dots (n - r + 1)$
 $= n (n - 1) (n - 2) \dots \{n - (r - 1)\}$

বিকল্প (a) ব্যবহার করে পাই,

${}^{10} P_4 = 10 \times 9 \times 8 \times 7 = 5040$

S134.Ans.(c)

Sol. লিওনেল মেসিকে 'বিবিসি স্পোর্টস পারসোনালিটি ওয়ার্ল্ড স্পোর্ট স্টার অফ দ্য ইয়ার 2022' নির্বাচিত করা হয়েছে।

S135.Ans.(a)

Sol. মিনিস্ট্রি অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির কেন্দ্রীয় মন্ত্রীসভা পাইলট ফেস্ অফ দ্য ওপেন নেটওয়ার্ক ফর ডিজিটাল কমার্সের সাথে জড়িত।

S136.Ans.(a)

Sol. অঙ্গজ জনন পদ্ধতিটি কেবলমাত্র উদ্ভিদে দেখা যায়।

S137.Ans.(c)

Sol. সিকান্দর শাহ পাণ্ডুয়ার আদিনা মসজিদ নির্মাণ করেন। তিনি ইলিয়াস শাহী রাজবংশের সদস্য ছিলেন।

S138.Ans.(a)

Sol. ওবিসি সম্প্রদায়ের উপ-শ্রেণিকরণের জন্যে যে কমিশন গঠিত হয়েছে তার প্রধান হল বিচারপতি জি. রোহিনী। 21 শে এপ্রিল, 2014 তারিখে তিনি দিল্লি উচ্চ আদালতের প্রথম মহিলা প্রধান বিচারপতি হয়েছিলেন।

S139.Ans.(b)

Sol. একটি ভাসমান বস্তু সুস্থির সাম্য অবস্থায় থাকলে, তার প্লবতা কেন্দ্র ভারকেন্দ্রের ওপরে অবস্থিত হবে। তরল পদার্থে নিমজ্জিত বস্তু দ্বারা অপসারিত তরলের আয়তনের ভারকেন্দ্রকে প্লবতাকেন্দ্র বলে।

S140.Ans.(b)

Sol. তরলের দুটি কণা একত্রিত হয়ে একটি কণায় পরিণত হল, এই প্রক্রিয়ায় শক্তির মুক্তি হল।

S141.Ans.(c)

Sol. ভারতের প্রতিবেশী রাষ্ট্র শ্রীলঙ্কা 4ঠা ফেব্রুয়ারি, 2023 তারিখে তাদের 75তম স্বাধীনতা দিবস পালন করেছে।

S142.Ans.(b)

Sol. ওয়ার্ল্ড ট্রেড অর্গ্যানাইজেশনের অ্যাপেলেট বডি সুইজারল্যান্ডের জেনেভায় অবস্থিত। বিশ্ব বাণিজ্য সংস্থা হল একটি আন্তর্জাতিক সংস্থা। বিশ্ব বাণিজ্য সংস্থা 1995 সালে প্রতিষ্ঠিত হয়েছিল।

S143.Ans.(c)

Sol. 1717 সালে মুঘল সম্রাট ফারুখশিয়ার ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানিকে 'ফরমান' প্রদান করেন। তিনি দ্বিতীয় আলমগিরের পুত্র ছিলেন। মুঘল সম্রাটদের মধ্যে তিনি ছিলেন নবম মুঘল সম্রাট। তিনি এই ফরমানের মাধ্যমে ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানিকে শুষ্ক ছাড়া বাংলায় বাণিজ্য করার অনুমতি প্রদান করেন। সৈয়দ ভাইরা তার সময়ে ক্ষমতামালা হয়ে উঠে।

S144.Ans.(c)

Sol. মিহিরকুল/মিহিরগুলা হুগ রাজা ছিলেন। তিনি 520 খ্রিস্টাব্দের মধ্যে সিন্ধু জয় করেছিলেন। তার রাজধানী ছিল শাকাল।

S145.Ans.(a)

Sol. প্রথম রাজেন্দ্র চোল 'গঙ্গাইকোণ্ড' অভিধা গ্রহণ করেন। তিনি উত্তর দিকে চোল সাম্রাজ্যকে কলিঙ্গ হয়ে বাংলা পর্যন্ত প্রসারিত করেছিলেন। তার বিজয়কে স্মরণ করার জন্য, তিনি নিজেকে "গঙ্গাইকোন্ডাচোলা" উপাধি দিয়েছিলেন।

S146.Ans.(b)

Sol. ভারতের অর্থ প্রদানের ভারসাম্যে বিদেশি ঋণ, বিদেশি বিনিয়োগ এবং পোর্টফোলিও বিনিয়োগ মূলধন অ্যাকাউন্টের অংশ।

S147.Ans.(d)

Sol. 8798×8792

$$= (8795 + 3)(8795 - 3)$$

$$= 8795^2 - 3^2$$

সুতরাং 9 যোগ করতে হবে, তাহলে 8795^2 পরে থাকবে যেটি একটি পূর্ণবর্গ সংখ্যা।

S148.Ans.(d)


Sol. ভারতের আমদানি খাতে পেট্রোলিয়াম, তেল ও লুব্রিকেন্ট দ্রব্যের জন্য সর্বাধিক ব্যয় হয়।

S149.Ans.(a)

Sol. রুপালি বিপ্লবের সঙ্গে ভারতে ডিম উৎপাদন জড়িত। 1970 এর দশকে মিসেস ইন্দিরা গান্ধী এই বিপ্লব চালু করেছিলেন।

S150.Ans.(c)

Sol.



ডানদিক:

$$2 + 1 = 3$$

$$3 + 1 = 4$$

$$4 + 1 = 5$$

বামদিক:

$$5 + 2 = 7$$

$$7 + 2 = 9$$

$$9 + 2 = 11$$

S151.Ans.(a)

Sol. ইংরেজীতে ফেল করেছে = 55%

অঙ্কে ফেল করেছে = 65%

উভয় বিষয়ে ফেল করেছে = 24%

কোনো না কোনো না বিষয়ে ফেল করেছে = $(55 + 65 - 24) = 96\%$

উভয় বিষয়ে পাশ করেছে = $100 - 96 = 4\%$

S152.Ans.(d)

Sol. একটি লোহার বলতে উত্তপ্ত করা হলে, তার আয়তন শতকরা হারে সর্বোচ্চ বৃদ্ধি পাবে

S153.Ans.(b)

Sol. পরিসেবা জীবিকার সর্বাধুনিক ও উন্নতমানের ক্রিয়াকলাপ হল কুইনারি। এটি অর্থনৈতিক ক্রিয়াকলাপের পঞ্চম স্তরে অবস্থিত। কুইনারি অর্থনৈতিক ক্রিয়াকলাপ চার ধরনের হয়ে থাকে। যথা— বিশেষজ্ঞ, সিদ্ধান্ত নির্ধারক, পরামর্শদাতা, নীতি নির্ধারক।

S154.Ans.(b)

Sol. ভারতীয় ক্রিড়াব্যক্তিত্ব নীরজ চোপড়া সুইজারল্যান্ড ট্যুরিজমের দ্বারা 'ফ্রেডশিপ অ্যামবাসাডর' পদে নিযুক্ত হয়েছেন। তিনি প্রথম ভারতীয় ক্রীড়াবিদ যিনি ট্র্যাক অ্যান্ড ফিল্ডে অনূর্ধ্ব-20 বিশ্ব চ্যাম্পিয়নশিপ জিতেছেন।

S155.Ans.(b)

Sol. ইউনাইটেড নেশনস্ এনভায়রনমেন্ট প্রোগ্রাম (UNEP) প্রতিষ্ঠান 'অ্যাডাপ্টেশন গ্যাপ রিপোর্ট 2022' প্রকাশ করেছে। এটি হল জাতিসংঘ ব্যবস্থার নেতৃত্বাধীন পরিবেশ কর্তৃপক্ষ। এই প্রতিষ্ঠানের লক্ষ্য হল ভবিষ্যৎ প্রজন্মের সাথে আপোষ না করে দেশ ও জনগণকে তাদের জীবনযাত্রার মান উন্নত করতে অনুপ্রাণিত করা।

S156.Ans.(c)

Sol. ভারতে যে বনভূমিতে অবাধ প্রবেশ মানুষের নেই সেটি হল সংরক্ষিত অরণ্য।

যে বনভূমি সরকারী নিয়ন্ত্রণাধীন এবং যেখানে স্থানীয় বাসিন্দারা পশুচারণ ও জ্বালানি কাঠ সংগ্রহ করতে পারে (অবশ্যই বনের মারাত্মক ক্ষতি না করে), তাকেই সংরক্ষিত অরণ্য বলা হয়। ভারতীয় বন আইন 1927 এর ধারা 29 এর অধীনে সংরক্ষিত অরণ্য -এর ব্যাখ্যা করা হয়েছে।

S157.Ans.(c)

Sol. 1940-এর অক্টোবর মাসে মহাত্মা গান্ধীর মনোনীত সত্যাগ্রহী যিনি ব্যক্তিগতভাবে সত্যাগ্রহ পালন করেছিলেন, তিনি হলেন ড. রাজেন্দ্র প্রসাদ। তিনি স্বাধীন ভারতবর্ষের প্রথম রাষ্ট্রপতি।

S158.Ans.(b)


Sol. যার প্রতিবাদে 1909 সালে লন্ডনে মদন লাল খিৎরা কার্জন উইলিকে হত্যা করেছিলেন তা হল ভারতীয় যুব নেতাদের নির্বাসন ও ফাঁসি। এই অপরাধে তাকে 17ই আগস্ট 1909 সালে ব্রিটেনের পেন্টনভেলি জেলে ফাঁসি দিয়ে হত্যা করা হয়।

S159.Ans.(b)

Sol. 1956 সালের রাজ্য পুনর্গঠন আইনের Part III -র মাধ্যমে আঞ্চলিক পরিষদ গঠিত হয়েছিল। আঞ্চলিক পরিষদ বা জোনাল কাউন্সিল হচ্ছে ভারতের কয়েকটি রাজ্য নিয়ে গঠিত একটি উপদেষ্টা পরিষদ।

S160.Ans.(c)

Sol. A, B-এর উল্টোদিকে বসেছে। C ও D -এর মাঝখানে B বসেছে। E ও F এর মাঝখানে A বসেছে। D-এর বাঁদিকে E বসেছে।



(C, E) মুখোমুখি বসেছে।

S161.Ans.(d)

Sol. অরুণাচল প্রদেশের পঞ্চায়েতী রাজ প্রতিষ্ঠানসমূহে তপশিলি জাতিদের জন্য সংরক্ষণের ব্যবস্থা নেই। 1992 সালে 73তম সাংবিধানিক সংশোধনীর মাধ্যমে ভারতে আধুনিক পঞ্চায়েতি রাজ ব্যবস্থা চালু করা হয়েছিল।

S162.Ans.(a)

Sol. D-এর থেকে C বড়ো, কিন্তু B-এর থেকে ছোটো। A বড়ো, কিন্তু সব থেকে বড়ো নয়।

সুতরাং বিন্যাসটি হল:

$$D < C < A < B$$

S163.Ans.(b)

Sol. মুখ্যমন্ত্রী আর্ভিভ কেজরিওয়াল ভারতবর্ষের নতুন দিল্লিতে বায়ু দূষণ নিয়ন্ত্রণ করার জন্যে '15-পয়েন্ট উইন্টার অ্যাকশন প্ল্যান' শুরু করেছিল।

S164.Ans.(b)

Sol. রেললাইনের ট্রাক মেরামতির জন্য থামিটি পদ্ধতিতে যে বিজারক পদার্থটি ব্যবহৃত হয়, সেটি হল খাতব অ্যালুমিনিয়াম। থামিটি হল একটি পদ্ধতি যা এর আকরিক থেকে লোহা আহরণ করতে ব্যবহৃত হয়।

S165.Ans.(a)

Sol. সংবিধান সংশোধনে রাজ্যসভা ও লোকসভা সমান ক্ষমতার অধিকারী।

S166.Ans.(b)

Sol. ওড়িশা রাজ্যের রাউরকেল্লা লৌহ ও ইস্পাত কারখানা লৌহখনি অঞ্চলে অবস্থিত। এটি দেশের প্রথম পাবলিক সেক্টরের দ্বারা নির্মিত বৃহৎ ইস্পাত কারখানা। 1960 সালে এই ইস্পাত কারখানা পশ্চিম জার্মানির সহযোগিতায় নির্মিত হয়।

S167.Ans.(c)

Sol. VI থেকে VIII এর প্রতিদিনের মোট ক্লাস = $3 \times 6 = 18$

IX ও X এর প্রতিদিনের মোট ক্লাস = $2 \times 7 = 14$

প্রতিদিনের মোট ক্লাস = $18 + 14 = 32$

32 কে 5 দিয়ে ভাগ করলে ভাগফল থাকে 6 এবং ভাগশেষ থাকে 2

সুতরাং অতিরিক্ত 2টি ক্লাসের জন্য আরও 1টি শিক্ষক লাগবে

তাহলে সর্বনিম্ন সম্ভাব্য শিক্ষক = $6 + 1 = 7$

S168.Ans.(c)

Sol. 2022-23 সালে কেন্দ্রীয় রাজস্বের প্রধান উৎস ছিল পণ্য ও সেবা কর। এই করটি 1লা জুলাই 2017 থেকে কার্যকর হয়েছে।

S169.Ans.(c)

Sol. একটি মুসলিম সংগঠন যে প্রথম বিশ্বযুদ্ধের সময় এই প্রস্তাব দেয় যে মুসলিমদের প্রথম বিশ্বযুদ্ধে অংশ নেওয়া উচিত এবং এই মর্মে কংগ্রেসের সঙ্গে চুক্তিতে আসা উচিত, সেটি হল এহবার লিগ।

S170.Ans.(c)

Sol. ভারতের অর্থনীতিতে মুদ্রাস্ফীতির প্রভাব ফেলবে সেগুলি হল

I. RBI SLR কমাচ্ছে

II. CRR অবলুপ্ত করা হচ্ছে

S171.Ans.(d)

Sol. ভারতে জনবিস্ফোরণ 1961-1981 সময়ের মধ্যে হয়েছিল। এটি মৃত্যুর হার হ্রাস এবং উচ্চ প্রজনন হারের কারণে হয়েছিল।

S172.Ans.(a)**Sol.** $x * y = x + y$, যদি $x < y$ $= x - y$, যদি $x > y$ $= 2x$, যদি $x = y$ $5 * (7 * 2) + (5 * 7) * 2$ $= 5 * (7 - 2) + (5 + 7) * 2$ $= 5 * 5 + 12 * 2$ $= 2 * 5 + 12 - 2$ $= 10 + 10$ $= 20$ **S173.Ans.(a)****Sol.** নানাঘাট শিলালিপিতে প্রথম সাতকর্ণীর কীর্তিকাহিনী বর্ণিত আছে। তিনি সিমুকের পুত্র ছিলেন। নানাঘাট শিলালিপিতে তাকে 'দক্ষিণপথপতি' হিসাবে উল্লেখ করা হয়েছে।**S174.Ans.(a)****Sol.** ভারতের হীরক চতুর্ভুজ প্রধান 4টি মহানগর যথা দিল্লি, কলকাতা, চেন্নাই, মুম্বাইকে দ্রুতগামী রেল পরিষেবা দ্বারা যুক্ত করবে। এই রেলপথে প্রথমে 150-200 কিমি/ঘন্টা গতির সেমি উচ্চগতির রেল এবং পড়ে 320-350 কিমি/ঘন্টা গতির উচ্চগতির রেল চালানো হবে।**S175.Ans.(a)****Sol.** ভারতের বৃহত্তম কাগজ শিল্পকেন্দ্র হল বল্লারপুর। বল্লারপুর ভারতের মহারাষ্ট্র রাজ্যের চন্দ্রপুর জেলার একটি শহর। এই শহরটি ওয়ার্ধা নদীর পূর্ব তীরে অবস্থিত।**S176.Ans.(b)****Sol.** উত্তর আমেরিকার ইতিহাস থেকে, মানুষের জমায়েত বোঝাতে কংগ্রেস শব্দটি গ্রহণ করা হয়েছিল। 1885 সালে থিওজোফিক্যাল সোসাইটির কিছু "অকাল্ট সদস্য" কংগ্রেস প্রতিষ্ঠা করেন। অকাল্ট সদস্যরা ছিলেন অ্যালান অস্টোভিয়ান হিউম, দাদাভাই নওরোজি, দিনশ এদুলজি ওয়াচা, উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়, সুব্রেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, মনমোহন ঘোষ, মহাদেব গোবিন্দ রানাডে ও উইলিয়াম ওয়েডারবার্ন প্রমুখ।**S177.Ans.(c)****Sol.** A, B, C, D, E এর মোট রান = $35 \times 5 = 175$

B, C এর মোট রান = 75

A, D, E এর মোট রান = $175 - 75 = 100$

ধরি E রান করেছে = x

D রান করেছে = $x + 5$ A রান করেছে = $x + 20$

প্রশ্নানুসারে,

 $x + x + 5 + x + 20 = 100$ $\rightarrow 3x + 25 = 100$ $\rightarrow x = \frac{75}{3}$ $\rightarrow x = 25$

তাহলে E রান করেছে = 25

D রান করেছে = $25 + 5 = 30$ A রান করেছে = $25 + 20 = 45$ B রান করেছে = $25 + 30 = 55$ C রান করেছে = $75 - 55 = 20$ **S178.Ans.(c)****Sol.** গত দশকে মৌলিক মূল্যে প্রকৃত মোট মূল্য সংযোজনে সবচেয়ে বেশি অবদান হল কারখানাজাত উৎপাদন, নির্মাণ, বিদ্যুৎ, গ্যাস ও জল সরবরাহ।

S179.Ans.(c)

Sol. ভারতবর্ষের মুম্বাই শহরে “খাদি ফেষ্টিভ-2022” প্রদর্শনী অনুষ্ঠিত হয়েছে। এটি খাদি এবং গ্রাম শিল্প কমিশন দ্বারা গান্ধী জয়ন্তী উপলক্ষে অনুষ্ঠিত হয়েছে।

S180.Ans.(b)

Sol. স্কটল্যান্ড লিঙ্গ স্বীকৃতি সংস্থার বিল পাশ করেছে।

S181.Ans.(b)

Sol. ফিরোজ শাহ মেহতা, কে. টি. তেলাং এবং বদরুদ্দিন তায়েবজি বোম্বাই ত্রিমূর্তি নামে পরিচিত। তারা 1885 সালে বোম্বে প্রেসিডেন্সি অ্যাসোসিয়েশন প্রতিষ্ঠা করেছিলেন।

S182.Ans.(d)

Sol. 1875 সালে স্যার সৈয়দ আহমেদ খান আলীগড় অ্যাংলো-ওরিয়েন্টাল কলেজ প্রতিষ্ঠা করেন। এই কলেজটি আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয় নামে পরিচিতি লাভ করে।

S183.Ans.(a)

Sol. 2023-24 সালের কেন্দ্রীয় বাজেটের অধিকাংশ ব্যয় সুদ পরিশোধ খাতে যায়।

S184.Ans.(b)

Sol. বেকিং সোডার মিশ্রণে সোডিয়াম কার্বনেট ও টারটারিক অ্যাসিড থাকে। এর রাসায়নিক সূত্র হল NaHCO_3 । এর স্বাদ সামান্য লবণাক্ত হয়ে থাকে কারণ এতে সোডিয়াম কার্বনেট থাকে। এর প্রাকৃতিক খনিজ রূপ হচ্ছে নাকোলাইটা।

S185.Ans.(b)

Sol.

$$\begin{aligned} & \left(1 - \frac{1}{3}\right) \left(1 - \frac{1}{4}\right) \left(1 - \frac{1}{5}\right) \dots \left(1 - \frac{1}{99}\right) \left(1 - \frac{1}{100}\right) \\ &= \frac{2}{3} \times \frac{3}{4} \times \frac{4}{5} \dots \times \frac{98}{99} \times \frac{99}{100} \\ &= \frac{2}{100} \\ &= .02 \end{aligned}$$

S186.Ans.(a)

Sol. রাশিয়া থেকে ভারতীয় সংবিধানে পঞ্চবার্ষিকী পরিকল্পনার ধারণা নেওয়া হয়েছে। এছাড়াও রাশিয়া থেকে মৌলিক কর্তব্য নেওয়া হয়েছে।

S187.Ans.(c)

Sol. 1893 সালে বাল গঙ্গাধর তিলক গণপতি উৎসব শুরু করেছিলেন। 1896 সালে তিনি প্রথম শিবাজি উৎসব শুরু করেছিলেন।

S188.Ans.(d)


Sol. একটি জলের কণা ভেঙে দুটি কণায় পরিণত হলে। কণা দুটির আয়তন ধর্মের যোগফল একক কণার সমান হবে।

S189.Ans.(b)

Sol. মায়োপিয়ার কারণ হল অক্ষিগোলকের প্রসারণ। এই রোগে একজন ব্যক্তি তার থেকে দূরে থাকা বস্তুগুলি দেখতে পায় না। অবতল লেন্স ব্যবহার করে এই ত্রুটি সংশোধন করা যেতে পারে।

S190.Ans.(a)

Sol.



P-র সাথে Z-র সম্পর্ক হল শাশুড়ি।

S191.Ans.(b)

Sol. দিল্লির সুলতান বলবন প্রথম উত্তর-পশ্চিম সীমান্ত নীতি গ্রহণ করেন। বলবন ছিলেন দাস রাজবংশের নবম শাসক। ইলতুৎমিশ তাকে ক্রীতদাস হিসেবে ক্রয় করেছিলেন।

S192.Ans.(c)

Sol. শিখদের দশম এবং শেষ গুরুর নাম হল গুরু গোবিন্দ। তিনি 5ই জানুয়ারী 1666 সালে বিহারের পাটনায় জন্মগ্রহণ করেন। তিনি মাত্র 9 বছর বয়সে গুরু হয়েছিলেন।

S193.Ans.(d)

Sol. ধরি সঠিক উত্তর দিয়েছে x টি

ভুল উত্তর দিয়েছে $(75 - x)$ টি

প্রশ্নানুসারে,

$$2x - 1(75 - x) = 45$$

$$\rightarrow 2x - 75 + x = 45$$

$$\rightarrow 3x = 120$$

$$\rightarrow x = 40$$

সঠিক উত্তরের সংখ্যা হল 40টি।

S194.Ans.(c)

Sol. 1853 খ্রিস্টাব্দের চার্টার আইনটি ভারতের পার্লামেন্টের সরকারের রূপরেখা উপস্থাপিত করেছিল।

S195.Ans.(a)

Sol. সর্বোচ্চ রোধ = $5\Omega + 4.5\Omega + 3\Omega = 12.5\Omega$

S196.Ans.(b)

Sol. নাগা নারী নেতা গাইদিনলিউকে জহরলাল নেহরু রানী উপাধি প্রদান করেছিলেন। তাকে ভারত সরকার পদ্মভূষণ দ্বারা ভূষিত করেছিল।

S197.Ans.(d)

Sol. $Mg(s) + O_2(g) \rightarrow MgO(s) + \text{শক্তি}$

উপরোক্ত বিক্রিয়াটি সংযোজন বিক্রিয়া, জারণ বিক্রিয়া এবং তাপদায়ী বিক্রিয়া।

যে জৈব বিক্রিয়ায় দুই বা ততোধিক অণু একত্রিত হয়ে একটি নতুন অণু তৈরি করে, তাকে সংযোজন বিক্রিয়া বলে।

যে রাসায়নিক বিক্রিয়ায় ভিন্ন বস্তুর পরমাণু বা মূলক বা আয়নের মধ্যে ইলেকট্রন আদান-প্রদানের মাধ্যমে জারণ ও বিজারণ প্রক্রিয়া একই সাথে সম্পন্ন হয় তাকে জারণ বিক্রিয়া বলে।

যে রাসায়নিক বিক্রিয়ায় বিক্রিয়াজাত পদার্থ হিসাবে তাপ উৎপন্ন হয়, তাকে তাপদায়ী বিক্রিয়া বলে।

S198.Ans.(b)

Sol. একটি ধাতব বলের কেন্দ্রে একটি গোলাকার গহ্বর রয়েছে। বলটিকে উত্তপ্ত করলে গহ্বরটির আয়তন বৃদ্ধি পাবে।

S199.Ans.(a)

Sol. 1912-র ডিসেম্বরের দিল্লীতে চাঁদনী চকে ভাইসরয় লর্ড হার্ডিঞ্জকে বোমা মারার পিছনে যে মাথা কাজ করেছিল সে হল রাসবিহারী বোস। শচীন চন্দ্র সান্যাল তাকে সাহায্য করেছিল।

S200.Ans.(c)

Sol. ভারতের মধ্যপ্রদেশ রাজ্য মালাখাম্ব খেলাকে নিজেদের রাজ্যের অন্যতম ক্রীড়া হিসেবে গণ্য করেছে। মল্লখাম্ব হল একটি ঐতিহ্যবাহী খেলা। 9ই এপ্রিল, 2013 তারিখে ভারতের মধ্যপ্রদেশ রাজ্য মল্লখাম্বকে রাষ্ট্রীয় খেলা ঘোষণা করেছে।